

— ‘আমি’ কে? ‘ওদের’ বলতে কাদের বোঝানো হয়েছে? চোখ পোড়ানো এবং জুড়োনের কারণ ব্যাখ্যা করো।

1+1+2

১০। নিম্নলিখিত অংশটির কাব্যশৈলী বিচার করো :

১৬

(ক) প্রাণ রুদ্ধ, প্রাণ স্তব্ধ। ভারতের স্নিগ্ধ উপকূলে
লুক্কতার লালা ঝরে। এত দুঃখ, এ দুঃসহ ঘৃণা—
এ নরক সহিতে কি পারিতাম, হে বন্ধু, যদি না
লিপ্ত হ’তো রক্তে মোর, বিদ্ধ হ’তো গুঢ় মর্মমূলে
তোমার অক্ষয় মন্ত্র। অন্তরে লভেছি তব বাণী
তাই তো মানি না ভয়, জীবনেরই জয় হবে, জানি।

অথবা, (খ) এ অনন্ত চরাচরে স্বর্গমর্ত্য ছেয়ে

সব চেয়ে পুরাতন কথা, সব চেয়ে
গভীর ক্রন্দন — ‘যেতে নাহি দিব।’ হয়,
তবু যেতে দিতে হয়, তবু চলে যায়।
চলিতেছে এমনি অনাদি কাল হতে!
প্রলয় সমুদ্রবাহী সৃজনের শ্রোতে
প্রসারিতব্যগ্রবাহ জ্বলন্ত-আঁখিতে
‘দিব না দিব না যেতে’ ডাকিতে ডাকিতে
হ হ করে তীব্রবেগে চলে যায় সবে
পূর্ণ করি বিশ্বতট আর্ত কলরবে।
সম্মুখ উর্মিরে ডাকে পশ্চাতের ঢেউ
‘দিব না দিব না যেতে’ — নাহি শুনে কেউ
নাহি কোনো সাড়া।’

ষষ্ঠ পত্র — ২০১৪

পূর্ণমান—১০০

১। (ক) “এই বইখানা মানুষকে যারা পুতুলের মত নাচায় তাদের বিরুদ্ধে দরদী প্রতিবাদ।”— ‘পুতুল নাচের ইতিকথা’ সম্পর্কে মানিক বন্দ্যোপাধ্যায়ের এই মূল্যায়নকে উপন্যাসটি বিশ্লেষণের মাধ্যমে বিচার করো।

১৪

অথবা (খ) ‘পুতুল নাচের ইতিকথা’ উপন্যাসের ‘কুসুম’ চরিত্রটি বিশ্লেষণ করো।

১৪

২। (ক) “গান এ উপন্যাসে বহুস্বরের মধ্যে একটি বিশেষ স্বর হয়ে উঠেছে।”
— মন্তব্যটির পরিপ্রেক্ষিতে ‘অরণ্যের অধিকার’ উপন্যাসে গানের প্রয়োগ-তাৎপর্য
আলোচনা করো। ১২

অথবা, (খ) ‘অরণ্যের অধিকার’ উপন্যাসে ‘বীরসা-মুণ্ডা’র চরিত্রটি কীভাবে
রূপায়িত হয়েছে, আলোচনা করো। ১২

৩। (ক) রবীন্দ্রনাথের ‘সুভা’ গল্পটি অবলম্বনে সুভা চরিত্রটি বিশ্লেষণ করো। ১২
অথবা, (খ) ছোটগল্প হিসেবে রবীন্দ্রনাথের ‘নিশীথে’ গল্পটি কতখানি সার্থক
হয়েছে তা বিচার করো। ১২

৪। (ক) “ইতিহাস ও রোমান্সের অপূর্ব মেলবন্ধন ঘটেছে ‘চুয়াচন্দন’ গল্পে”।
— আলোচনা করো। ১৫

অথবা, (খ) ‘টোপ’ গল্পটির নামকরণের সার্থকতা বিচার করো। ১৫

৫। (ক) ‘অশ্বমেধের ঘোড়া’ গল্পটির নামকরণ কতখানি সঙ্গতিপূর্ণতা আলোচনা
করো। ১৫

অথবা, (খ) “অশুভ কাকটাকে তাড়াবে এবং ঘুম ভেঙে একদিন মানুষ বিশ্বময়ে
দেখবে সমাজটা পুরো বদলে গেছে।”— এই উদ্ধৃতাংশটির ভিত্তিতে ‘স্টীলের চপ্পু’
গল্পটির অন্তর্নিহিত বক্তব্যের পরিচয় দাও। ১৫

৬। (ক) ‘মাটির টিলাটির উপর সূর্যাস্ত দেখিবার শখ এ জীবনে আর একবারও
শশীর আসিবে না।’— উক্তিটির তাৎপর্য বিশ্লেষণ করো। ৪

অথবা, ‘বিন্দু বলিল, লাভ হলো বই কি দাদা! চলে না এসে কি করে বুঝতাম
ওখানে ওমনিভাবে থাকে ছাড়া আমার গতি নেই?’— বিন্দু কে? উক্তিটির তাৎপর্য
ব্যাখ্যা করো। ১+৩

(খ) ‘অরণ্যের অধিকার কৃষ্ণভারতের আদি অধিকার।’ — ব্যাখ্যা করো। ৪

অথবা, ‘বীরসা জানত না, ও হেঁটেছিল এক জন্ম, এক জীবন থেকে আরেক
জীবনের দিকে।’ — প্রসঙ্গ উল্লেখ করে উদ্ধৃতিটি ব্যাখ্যা করো। ২+২

(গ) ‘আমি এই এক রাত্রে মহাপ্রলয়ের তীরে দাঁড়াইয়া অনন্ত আনন্দের আশ্বাদ
পাইয়াছি।’— উদ্ধৃতিটির তাৎপর্য বুঝিয়ে দাও। ৪

অথবা, ‘মাকের থেকে সিতাংশুর লেখা এই চিঠিগুলি আমারই চিঠি হয়ে উঠল....।’—
কার উক্তি? অংশটির তাৎপর্য ব্যাখ্যা করো। ১+৩

৭। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও :

(ক) ‘আমার যে যাবার উপায় নেই ভাই।’— কার উক্তি? উক্তিটির প্রসঙ্গ
ব্যাখ্যা করো। ১+৪

(খ) “আপনার ফাইলে মানুষদের মধ্যে থেকে তাঁর নামটা কেটে দিতে হবে। তিনি তো মানুষ নন, তিনি যে দেবতা, তিনি যে ভগবান।”— কে, কার সম্পর্কে এ কথা বলেছে? এ কথা বলার কারণ কী? ২+৩

(গ) ‘একি! এঁকেই তো সে এই মাত্র মাঠের মধ্যে দেখেছে, এই সেই অপরূপ সুন্দর নারী তো!’— প্রসঙ্গ উল্লেখ করে উদ্ধৃতিটি ব্যাখ্যা করো। ২+৩

(ঘ) ‘ভুলুম না ভাই এই রাত্রের কথা। নসিবে থাকলে আবার তোমার লগে মোলাকাত হইব।’— কে, কাকে বলেছে? প্রসঙ্গ উল্লেখ করে উক্তিটি ব্যাখ্যা করো। ২+৩

৮। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও :

(ক) ‘আমি সত্যই ক্রিস্টান নাই গো বাপু।’— উক্তিটি কার? প্রসঙ্গ উল্লেখ করে উক্তিটি ব্যাখ্যা করো। ১+৪

(খ) ‘আবার সেই অপ্রশস্ত নোংরা গলি দিয়ে হাঁটতে হাঁটতে তন্ময় হ’য়ে ভাবে দেবরত, এই মধ্যবিত্ত সংগ্রামের আড়ালেই কি বয়ে চলেছে লেখিকার জীবনের অন্তঃসলিলা প্রাণের প্রবাহ।’— লেখিকা কে? “অন্তঃসলিলা প্রাণের প্রবাহ” বলতে কী বোঝানো হয়েছে? ১+৪

(গ) ‘আজকের রাতটা বড় আদ্ভুত! অনেকদিন মনে থাকবে!’— কে, কাকে কথাটা বলেছে? রাতটা আদ্ভুত কেন? ২+৩

(ঘ) ‘ওস্তাদ ছেলে। পৌত্তলিক হবার পর নিজের দেবতাও বেছে নিয়েছে এমন এক দাড়িওয়ালাকে, যে কলমা পড়ে।’— কে, কার সম্বন্ধে উক্তিটি করেছেন? উক্তিটির তাৎপর্য বুঝিয়ে দাও। ২+৩

সপ্তম পত্র—২০১৪

পূর্ণমান-১০০

১। সমালোচনা সাহিত্য বলতে কী বোঝ? সাহিত্য সমালোচনার বিভিন্ন পদ্ধতিগুলির নামোল্লেখ করে যে-কোনো দু’টি পদ্ধতি সম্পর্কে আলোচনা করো। ৪+৪+৫+৫

অথবা, (খ) যে-কোনো দুটি বিষয়ে আলোচনা করো : ৯+৯

(অ) বস্তুগত প্রবন্ধ (আ) পত্র সাহিত্য (ই) রম্য রচনা (ঈ) ভ্রমণ সাহিত্য

২। (ক) ‘কমলাকান্তের দপ্তর’ কোন্ জাতীয় রচনা তা পাঠ্য-প্রবন্ধগুলি অনুসরণে লেখো। ১২

অথবা, (খ) ‘বিড়াল’ প্রবন্ধ অবলম্বনে বঙ্কিমচন্দ্রের সমাজভাবনার পরিচয় দাও। ১২